

💵 হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় : ইহরাম, হজ-উমরার শুরু

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

তালবিয়ার বর্ণনা

তালবিয়া হল,

«لَبَّيْكَ اللَّهُمَّ لَبَّيْكَ لَبَّيْكَ لاَ شَرِيكَ لَكَ لَبَّيْكَ إِنَّ الْحَمْدَ وَالنِّعْمَةَ لَكَ وَالْمُلْكَ لاَ شَرِيكَ لَك».

(লাকাইক আল্লাহ্মা লাকাইক, লাকাইকা লা শারীকা লাকা লাকাইক, ইয়াল হামদা ওয়ান নি'মাতা লাকা ওয়াল মুক্ত, লা শারীকা লাক)।

'আমি হাযির, হে আল্লাহ, আমি হাযির। তোমার কোন শরীক নেই, আমি হাযির। নিশ্চয় যাবতীয় প্রশংসা ও নিয়ামত তোমার এবং রাজত্বও, তোমার কোন শরীক নেই।'[1]

উপর্যুক্ত তালবিয়াটিই ইবন উমর রা. রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন। তিনি আরো বলেন, 'রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ-শব্দমালায় আর কিছু যোগ করতেন না।'[2]

পক্ষান্তরে, আবূ হুরায়রা রা. এর বর্ণনা মতে, তালবিয়ায় রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন لَبَيْكَ نَا يَبَيْكَ نَا يَبَيْكَ نَا الْمَعَارِجِ (লাব্বাইকা ইলাহাল হক্কি লাব্বাইক) 'আমি হাযির, সত্য ইলাহ! আমি হাযির'।[3] বিদায় হজে কোনো কোনো সাহাবী উপর্যুক্ত তালবিয়ার পরে لَبَيْكَ ذَا الْمُعَارِجِ (লাব্বাইকা যাল মা'আরিজ) বলেছেন। রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা শুনে কিছু বলেননি।[4] আবার ইবন উমর রা. থেকে বর্ণিত আছে, তিনি বলতেন,[5]

لَبَّيْكَ اللَّهُمَّ لَبَّيْكَ، لَبَّيْكَ وَسَعْدَيْكَ وَالْخَيْرُ بِيَدَيْكَ لَبَّيْكَ وَالرَّغْبَاءُ إِلَيْكَ وَالْعَمَلُ.

(লাকাইক আল্লহুমা লাকাইক, লাকাইকা ওয়া সা'দাইক, ওয়াল খইরু বিইয়াদাইক, লাকাইকা ওয়ার রগবাউ ইলাইকা ওয়াল আমল।)

'আমি হাযির হে আল্লাহ আমি হাযির। আমি হাযির একমাত্র তোমারই সম্ভুষ্টিকল্পে। কল্যাণ তোমার হাতে, আমল ও প্রেরণা তোমারই কাছে সমর্পিত।'

উপরোক্ত তালবিয়াগুলি পাঠ করাতে কোন সমস্যা নেই। তবে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও সাহাবীদের ব্যবহৃত শব্দমালার বাইরে যাওয়া যাবে না।

ফুটনোট

[1]. বুখারী : ৫৪৬০।



[2]. বুখারী : ৫৯১৫।

[3]. ইবন মাজাহ্ : ২৯২০।

[4]. মুসনাদে আহমাদ : ১৪৪৪০।

[5]. মুসলিম : **১১৮**৪।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=7347

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন